

# আহুতি, সমাজ ও সংস্কৃতি



সম্পাদনা

পরিমল মন্ডল  
রঞ্জন মাহাতি

*Sahitya, Samaj O Sanskriti*

Edited by

Parimal Mandal

&

Ranjan Mahata

প্রথম প্রকাশ: জুন, ২০২৩

© কগনিশ্বন পাবলিকেশনস্

প্রকাশক

অরেন্স মহালদার

কগনিশ্বন পাবলিকেশনস্ (Cognition Publications)

পশ্চিম সপ্তগ্রাম, বিশরপাড়া, বিরাটি, কলিকাতা-৭০০০৫১

<http://cognitionpublications.com/>

E.Mail: [cognitionpublications@gmail.com](mailto:cognitionpublications@gmail.com)

ফোন: +৯১ ৭০৪৪৭৭২৩৯২

ISBN : 978-93-92205-32-3

মুদ্রক: এস পি কমিউনিকেশনস্ প্রাঃ লিঃ, কলিকাতা-৭০০০০৯

প্রচ্ছদচিত্রঃ সৈকত মজুমদার

মূল্য: ৪৭৫ টাকা

একাদশ অধ্যায়: শ্রীমদ্ভগবদ্গীতোক্ত ভক্তিয়োগ ও বর্তমান সময়ে তার প্রাসঙ্গিক একটি পাঠবিমর্শ শ্রীরামস্বরূপ মুখার্জী .....	পৃষ্ঠা ১০
দ্বাদশ অধ্যায়: মূল্যবোধের অবক্ষয় ও নারায়ণ গঙ্গোপাধ্যায়ের কয়েকটি ছোটগল্প মধুমিতা বসু .....	পৃষ্ঠা ১১
ত্রয়োদশ অধ্যায়: মহাশ্বেতা দেবীর ছোটগল্পে পশ্চিম রাঢ়ের গ্রাম জীবন দীপঙ্কর সরকার .....	পৃষ্ঠা ১২
চতুর্দশ অধ্যায়: উপজাতিদের মধ্যে সামাজিক বিচলন — প্রসঙ্গ পশ্চিমবঙ্গ দেবশীষ সরকার .....	পৃষ্ঠা ১৩
পঞ্চদশ অধ্যায়: ভারতীয় উপজাতিদের স্বাস্থ্য এবং স্বাস্থ্যসংক্রান্ত বিশ্বাস: এক সাহিত্য পর্যালোচনা সঞ্জিত দেবনাথ .....	পৃষ্ঠা ১৪
ষষ্ঠদশ অধ্যায়: বিশ্বায়নের কালে সাহিত্য পড়া ও পড়ানো দূর্বা বসু .....	পৃষ্ঠা ১৫
সপ্তদশ অধ্যায়: বাণেশ্বর বিদ্যালয়কারের সারস্বত অবদান প্রদীপ কুমার মহাপাত্র .....	পৃষ্ঠা ১৫৫
অষ্টাদশ অধ্যায়: সায়ণাচার্যের বেদব্যাখ্যা পদ্ধতি: একটি সংক্ষিপ্ত আলোচনা মানবেন্দু সরকার .....	পৃষ্ঠা ১৬১
ঊনবিংশ অধ্যায়: মূচ্ছকটিকে বৈদিকতত্ত্বানুসন্ধান: একটি সমীক্ষা মধুমিতা ঘোষ .....	পৃষ্ঠা ১৭২
বিংশ অধ্যায়: সলিমুল্লাহ খানের 'উৎসর্গ: পরিবার প্রজাতি রাষ্ট্র' মুহাম্মদ ইসহাক .....	পৃষ্ঠা ১৮৫
একবিংশ অধ্যায়: পুঁথি বিশারদ অক্ষয়কুমার কয়াল দীপঙ্কর নস্কর .....	পৃষ্ঠা ১৮৯

# মূল্যবোধের অবক্ষয় ও নারায়ণ গঙ্গোপাধ্যায়ের কয়েকটি ছোটগল্প

মধুমিতা বসু

সারসংক্ষেপ: মূল্যবোধের অবক্ষয় একটি সামাজিক সংকট। ধর্মগত, জাতিগত ভেদের উপর ভিত্তি করে আমাদের সমাজে গড়ে উঠেছে নানা রকম শ্রেণীবিন্যাস। তাছাড়া অর্থের মননভে সমাজে তৈরী হয়েছে ধনী-দরিদ্রের ব্যবধান। নীতিগত শিক্ষার উপর ভিত্তি করেই নৈতিক চরিত্র গঠিত হয়। আর এই শিক্ষা শুরু হয় শিশু বয়স থেকেই। কিন্তু ক্ষমতালোভ, অর্থলোভ, যশ প্রাপ্তি ইত্যাদির প্রবল বাসনা মানুষকে ক্রমান্বয়ে আত্মকেন্দ্রিক করে তোলে। স্বার্থসিদ্ধির প্রবল বাসনা যতই বাড়তে থাকে ততই মন থেকে হারিয়ে যায় নৈতিকতাবোধ। এমনকী নিকটতম সম্পর্কগুলো ক্রমশ মূল্যহীন হয়ে যায়, সহজাত হৃদয়বৃত্তিগুলি হারিয়ে মানুষের মধ্যে পাশবিক বৃত্তি জাগ্রত হয়। সাহিত্য যেহেতু সমাজের দর্পণ, তাই সাহিত্যের মধ্য দিয়ে সমাজের এই চেহারার প্রতিফলন ঘটেছে নানাভাবে। এই প্রসঙ্গেই নারায়ণ গঙ্গোপাধ্যায়ের কয়েকটি ছোটগল্পের কথা মনে পড়ে যায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রভাবে ভারতের আর্থ-সামাজিক জীবনে যে সংকটময় পরিস্থিতির সৃষ্টি হয়েছিল, তার হাত থেকে বাঁচতে পারেনি বাঙালি সমাজও। দ্বিতীয় বিশ্বযুদ্ধের অনিবার্য ফলশ্রুতি হল দুর্ভিক্ষ, মদসত্তর। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর কালে সংকটময় পরিস্থিতিতে অর্থনৈতিক বিপর্যয়ের পাশাপাশি সামাজিক মূল্যবোধও ক্ষয়প্রাপ্ত হয়েছিল। কিছু সুবিধাভোগী, বিত্তবান, অর্থালিপ্ত, ক্ষমতালোভী আত্মকেন্দ্রিক মানুষ অধিকতর অর্থের লোভে বিপর্যস্ত পরিস্থিতির সুযোগ নিয়ে শুভবোধ, শুভচিন্তাকে জলাঞ্জলি দিয়ে অনৈতিক কর্মে লিপ্ত হয়েছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধ, ধনতান্ত্রিক সভ্যতার প্রসারে মানুষের মন থেকে মানবিক মূল্যবোধ কীভাবে হারিয়ে যেতে শুরু করেছিল তার বাস্তব চিত্র নারায়ণ গঙ্গোপাধ্যায়ের কয়েকটি ছোটগল্পের আলোচনার মাধ্যমে তুলে ধরা-ই এই প্রবন্ধের উদ্দেশ্য।

মূল শব্দ: মূল্যবোধের অবক্ষয়, নৈতিকতাবোধ, মানবিকতা, দ্বিতীয় বিশ্বযুদ্ধ, আর্থিক সংকট।

সাহিত্য সমাজের-ই প্রতিফলন। সাহিত্যে সমাজের ভালো-মন্দ নানাদিক প্রতিফলিত হয়। সমাজকেন্দ্রিক সাহিত্যে কল্পিত চরিত্র ও ঘটনার মধ্য দিয়ে সাহিত্যিক সমাজের বাস্তব চেহারার সঙ্গে পাঠকের পরিচয় ঘটান। সমাজের অসঙ্গতি ও ত্রুটিপূর্ণ দিকগুলো সাহিত্যে তুলে ধরে সাহিত্যকে যেমন সমাজ পরিবর্তন, চরিত্রিক গুণ্ডি লাভের হাতিয়ার হিসেবে ব্যবহার করেন তেমনি সমাজের বিভিন্ন আচার, সংস্কার ও সংস্কৃতি সম্পর্কে অবহিতও করেন। সমাজ যেহেতু পরিবর্তনশীল, তাই সমাজকেন্দ্রিক সাহিত্য কোনো বিশেষ সময়পর্বের আর্থ-সামাজিক পরিস্থিতির ঐতিহাসিক দলিল হিসাবেও পরিগণিত হয়। তাছাড়া সমাজ অবলম্বনে রচিত সাহিত্যে সমাজ সম্পর্কে লেখকের মনোভাবও স্পষ্ট হয়।